ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। পাম্প মোটর রি-কন্ডিশনিং এর জন্য বিভিন্ন মালামাল, স্পেয়ার পার্টস ক্রয় ও সংশ্লিষ্ট মেরামত কাজের ক্যালকুলেশন।

সংযুক্ত ক্র: নং-৫। পাম্প মোটর রি-কন্ডিশনিং এর জন্য বিভিন্ন মালামাল, স্পেয়ার পার্টস ক্রয় ও সংশ্লিষ্ট মেরামত কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of different materials, parts and related services for various capacity centrifugal pump motor set with of Dhaka medical college & swamibag SLS কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার ঢাকা ওয়াসার প্রথম ও সবচেয়ে পুরাতন পয়ঃ প্ল্যান্ট। উক্ত প্ল্যান্টের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। সচল এস.এল.এস গুলোর মধ্যে ঢাকা মেডিকেল কলেজ ও স্বামীবাগ এস.এল.এস-এ বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৪ কিলোওয়াট, ১১,কিলোওয়াট, ১৫ কিলোওয়াট, ১৮.০ কিলোওয়াট, ২২ কিলোওয়াট প্রভৃতি সেন্ট্রিফিউগাল পাম্প মোটর সেট রয়েছে। উক্ত পাম্প মোটরসমূহ রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু থাকে। কোন কারনে পাম্প মোটরে ক্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট এলাকায় পয়ঃ উত্তোলন কার্যক্রম ব্যাহত হয় এবং প্ল্যান্টের অপারেশনে ক্রটি দেখা দেয়। সেই কারনে নিরবচ্ছিন্নভাবে ও সুষ্ঠুভাবে পয়ঃ উত্তোলন কার্যক্রম এবং প্ল্যান্ট পরিচালনা করার লক্ষ্যে সচল সেন্ট্রিফিউগাল পাম্প মোটরগুলোর বিপরীতে নতুন/মেরামত পাম্প মোটর মজুদ থাকা আবশ্যক। কিন্তু বর্তমানে অত্র বিভাগে নতুন/মেরামতকৃত পাম্প মোটর মজুদ নেই। দীর্ঘদিন যাবত চলার ফলে মোটরের ওয়াইন্ডিং ইনসুলেশন এর কার্যক্ষমতা লোপ পেয়ে অথবা অন্য কোন কারনে মোটর জ্বলে গিয়েছে। সেই কারনে ঢাকা মেডিকেল কলেজ ও স্বামীবাগ এস.এল.এস-এর বিভিন্ন ক্যাপাসিটির মোট ১০(দশ) সেট পাম্প মোটর রিকন্ডিশনিং এর মাধ্যমে সচল করার জন্য বিভিন্ন মালামাল, পার্টস ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Supply of different materials, parts and related services for various capacity centrifugal pump motor set with of Dhaka medical college & swamibag SLS” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৯,৯৯,৬৩৩.০০(নয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত তেত্রিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের **পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ(কোড ০১-০৪-০০৪)** খাতের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-35; প্যাকেজ নং-GSP7 হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ট) ধারার আওতায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে " Supply of different materials, parts and related services for various capacity centrifugal pump motor set with of Dhaka medical college & swamibag SLS" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি অতি জরুরি বিধায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা- ২০২৫ এর বিধি ৯৯(১)(ট) ধারায় সরাসরি চুক্তির আওতায় (Direct contracting) মেসার্স নিউট্রাল বিল্ডার্স এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৯,৬৩৩.০০(নয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত তেত্রিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের "পয়ঃপাম্প রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০৪) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

12/05/26

সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

12.5.2026

...ইকুল ইসলাম
...প্রকৌশলী
...শোধনাগার বিভাগ
...ওয়াসা।

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

১.৪) অনুমোদিত,

SE(WSTPC)

12/05/2026

XEN (PSTP)

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।